



# বনানী ডিওএইচএস পরিষদ BANANI DOHS PORISHOD

বিডিপি/কার পার্কিং/০৮/এ

১৩ মার্চ ২০২৬

বনানী ডিওএইচএসে প্রধান রাস্তার পার্শ্বে অবৈধভাবে কার পার্কিং না করা প্রসঙ্গে

১। বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বনানী ডিওএইচএসের বিভিন্ন রাস্তার পার্শ্বে অবৈধভাবে গাড়ী পার্ক করে রাখে যা সম্পূর্ণভাবে পরিষদের নীতি ও আইন বহির্ভূত। যে সকল ফ্ল্যাট মালিকগণের সম্মতিতে বিভিন্ন রাস্তার পার্শ্বে অবৈধভাবে গাড়ী পার্ক করে রাখার কারণে দুর্ঘটনা ও ক্ষয়ক্ষতি হলে এর দায়ভার সংশ্লিষ্ট হাউজের ব্যক্তিদের উপর বর্তায়। অবৈধভাবে গাড়ী পার্কিং রোধকল্পে পরিষদ কর্তৃপক্ষ নিম্নলিখিত সিদ্ধান্ত কার্যকর করতে যাচ্ছে।

ক। অতিথিদের গাড়ী নির্দিষ্ট Guest Parking এ রাখার জন্য অনুরোধ করা হলো। Guest Parking এ অন্য কোন গাড়ী পার্কিং করে রাখা যাবে না।

খ। অত্র এলাকায় প্রধান রাস্তা দখল করে Rent a Car এর ব্যবসা করা অবৈধ। Rent a Car এর সকল গাড়ী অনতিবিলম্বে ডিওএইচএসের বাহিরে স্থানান্তর করার জন্য অনুরোধ করা হলো। Rent a Car এর গাড়ীসহ অত্র ডিওএইচএসের বিভিন্ন রাস্তায় অবৈধভাবে পার্কিংরত গাড়ী আগামী ০১ এপ্রিল ২০২৬ তারিখের পর লক করা সহ গাড়ী প্রতি দৈনন্দিন ১ হাজার টাকা হারে জরিমানা করা হবে।

গ। আপনাদের নিজ নিজ হাউজের সম্মুখে যাতে কোন গাড়ী অবৈধভাবে পার্কিং করতে না পারে এ ব্যাপারে হাউজ গার্ড, কেয়ারটেকার ও ম্যানেজারদেরকে বাড়ির মালিকগণকে নির্দেশনা প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। সিকিউরিটি সেকশনের জন্য। ডিওএইচএস এর রাস্তার উপর অবৈধভাবে পার্কিংকৃত গাড়ীর তালিকা প্রস্তুত করার জন্য নির্দেশ দেওয়া হলো। আগামী ০১ এপ্রিল ২০২৬ তারিখ থেকে এ সকল যানবাহন লক করা হবে।

৩। এ ব্যাপারে আপনাদের সকলের সার্বিক সহযোগিতা একান্তকাম্য।

  
মোহাম্মদ সোহেল লতিফ  
উইং কমান্ডার (অব.)  
মেম্বার সিকিউরিটি

বিতরণঃ

কার্যক্রমঃ

বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাগণ

অবগতিঃ

সিকিউরিটি প্লাটুন

Telephone: +88 02 8714697

E-mail : infodohsbanani@gmail.com

Web : www.bananidohs20@gmail.com

Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.